যুগান্তর

তারিখ 28 SEP 2016
পৃষ্ঠা কলাম

# তালাবন্দি বেসরকারি শিক্ষক নিয়োগ সেবা

## সাংবাদিকদের ভয়ভীতি-কটূক্তি

**যুগান্তর রিপোর্ট**

তালাবন্দি হয়ে পড়েছে বেসরকারি শিক্ষক নিয়োগের সেবা। দেশের বিভিন্ন প্রান্ত থেকে শত শত চাকরি প্রত্যাশী বিভিন্ন ধরনের তথ্য জানতে ও সেবা নিতে প্রতিদিন শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অফিসে ভিড় করেন। কিন্তু তাদের ভিতরে প্রবেশ করতে দেয়া হয় না। বরং সেবা প্রত্যাশীদের সঙ্গে দুর্ব্যবহার করা হয়। ফলে অফিসের গেট থেকেই তাদের ফিরে যেতে হচ্ছে। এমন অভিযোগের খবর শুনে মঙ্গলবার সাংবাদিকরা ছুটে যান। তারাও অফিসে প্রবেশে শুধু ব্যর্থই হননি, উল্টো পুলিশ ডেকে তাদের ধরিয়ে দেয়ার চেষ্টা করেন প্রতিষ্ঠানটির চেয়ারম্যান। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) ক্যাম্পাসে সংস্থাটির অফিস অবস্থিত।

মঙ্গলবার শরীয়তপুর থেকে এসেছিলেন নাসির উদ্দিন। তিনি বলেন, এক মাস আগে নদী ভাঙনে তার বাড়িঘর পদ্মায় বিলিন হয়ে গেছে। এলাকা ছেড়ে তিনি ফরিদপুর বসবাস করছেন। শরীয়তপুরের জাজিরা উপজেলার একটি কলেজে প্রভাষক পদে নিয়োগের জন্য আবেদন করেছেন তিনি। নিয়ম অনুযায়ী নিজ উপজেলার প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। নদী ভাঙনের কারণে ঠিকানা পরিবর্তন করা যাবে কিনা তা জানতে এসেছিলাম। দুই ঘণ্টা দাঁড়িয়ে থেকে অনেক অনুরোধ করেও অফিসের ভিতরে প্রবেশ করতে পারিনি। গাজীপুর থেকে আসা মো. রুহুল আমিন অভিযোগ করেন, ১২তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রভাষক পদে ৮২ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছি। নিজ উপজেলার কোনো কলেজে আমার বিষয়ে প্রভাষক পদ শূন্য নেই। এখন আমি অন্য কলেজে নিয়োগ পাব কিনা তা জানার জন্য এসেছিলাম। সকাল থেকে অপেক্ষা করেও ভিতরে ঢুকতে পারিনি। টাঙ্গাইল থেকে আসা মাহমুদুল হাসান অভিযোগ করেন, ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফল কবে দেবে তা জানতে এসেছিলাম। ভিতরে ঢোকা তো দূরের কথা লিফট থেকে নামার পর দাঁড়ানোর জায়গাও পেলাম না। বাধ্য হয়ে চলে যেতে হচ্ছে।